ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
DHAKA SOUTH CITY CORPORATION
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়, অঞ্চল-৪, ৯ম তলা, নগর ভবন (পূর্ব ব্লক) ঢাকা-১০০০

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

সূত্র ঃ ৪৬.০০৯.০১৪.২৪.০৩.৩৬.২০১৮-৪০৪ তারিখ ঃ ৩১.০৭.২০১৮খ্রি.

বিষয় ঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ইউনিসেফ সাহায্যপুষ্ট "ডিএসসিসি-ইউনিসেফ আরবান পাইলট প্রকল্প" (Basic Services for Children in Poor Communities in Zone-4) বাস্তবায়নের লক্ষ্যে ২(দুই) টি পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ইউনিসেফ সাহায্যপুষ্ট "ডিএসসিসি-ইউনিসেফ আরবান পাইলট প্রকল্প" (Basic Services for Children in Poor Communities in Zone-4) বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় জনবল নিয়োগের বিষয়টি মাননীয় মেয়র সদয় অনুমোদন করেছেন। উক্ত প্রকল্পের জনবল নিয়োগের জন্য বহুল প্রচারিত (বাংলা ও ইংরেজি) ২(দুই) টি পত্রিকায় (সাইজ আনুঃ ৯"×৪.৫") জরুরি ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা প্রয়োজন।

এমতাবস্থায়, "ডিএসসিসি-ইউনিসেফ আরবান পাইলট প্রকল্প" (Basic Services for Children in Poor Communities in Zone-4) বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের জনবল নিয়োগের জন্য বহুল প্রচারিত (বাংলা ও ইংরেজি) ২(দুই) টি পত্রিকায় আগামী ৩(তিন) দিনের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিজ্ঞপ্তি প্রকাশের বিল "ডিএসসিসি-ইউনিসেফ আরবান পাইলট প্রকল্প" কর্তৃক পরিশোধ করা হবে।

সংযুক্ত ঃ বর্ণনা মতে ০৩ (তিন) ফর্দ।

উদয়ন দেওয়ান
(উপ সচিব)
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
অঞ্চল-৪
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোনঃ ৯৫৬৮৭৪৩

প্রধান জনসংযোগ কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

সূত্র ঃ ৪৬.০০৯.০১৪.২৪.০৩.৩৬.২০১৮-৪০৪ তারিখ ঃ ৩১.০৭.২০১৮খ্রি.

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
২. সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৩. মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএসসিসি
৪. সিস্টেম এনালিষ্ট (ডিএসিসির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো), ডিএসসিসি
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্টাফ অফিসার (প্রনিক মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএসসিসি
৬. অফিস কপি

আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
অঞ্চল-৪

প্রাপ্তি আইসিটি সেল
তারিখ-

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ইউনিসেফ সাহায্যপুষ্ট

'ডিএসসিসি-ইউনিসেফ আরবান পাইলট প্রকল্প'

**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন**

নগর ভবন, ঢাকা।

**উন্নয়নের গণতন্ত্র**
**শেখ হাসিনার মূলমন্ত্র**

**সূত্র ঃ ৪৬.০০৯.০১৪.২৪.০৩.৩৬.২০১৮-৪০৩** **তারিখ ঃ ৩১.০৭.২০১৮খ্রি.**

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ইউনিসেফ সাহায্যপুষ্ট "ডিএসসিসি-ইউনিসেফ আরবান পাইলট প্রকল্প" (Basic Services for Children in Poor Communities in Zone-4) বাস্তবায়নের জন্য নিম্ন বর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য) প্রতিটি পদের পার্শ্বে উল্লেখিত সাকুল্যে (Consolidated) বেতনে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ

| ক্রমিক নং | পদের নাম | বয়স | সাকুল্যে বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | মেডিকেল অফিসার | অনূর্ধ্ব ৩৫ বৎসর | টাকা ৩৯,১০৩/- | ২টি | এমবিবিএস পাশ এবং বিএমডিসি এর রেজিস্ট্রেশন থাকিতে হইবে। মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম ও টিকাদান কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২. | পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিবীক্ষন কর্মকর্তা | অনূর্ধ্ব ৩৫ বৎসর | টাকা ৩৫,৬০০/- | ১টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমাজ বিজ্ঞান/সমাজ কল্যাণ/সমাজ কর্ম বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সুবিধাবঞ্চিত শহর এলাকায় উন্নয়ন ও সমাজসেবা প্রকল্প ব্যবস্থাপনা কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। প্রার্থীদের অবশ্যই এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেল এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৩. | কমিউনিটি মবিলাইজার | অনূর্ধ্ব ৩৫ বৎসর | টাকা ২১,৭০০/- | ১১টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমাজ বিজ্ঞান/সমাজ কল্যাণ/সমাজ কর্ম/ স্বাস্থ্য অর্থনীতি/খাদ্য ও পুষ্টি বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রি। সুবিধাবঞ্চিত নারী ও শিশুদের জীবন মানের উন্নয়নে শহর এলাকায় উন্নয়ন প্রকল্পে কমিউনিটি মবিলাইজার পদে বা স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান সংক্রান্ত কাজে ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪. | প্যারামেডিক্স | অনূর্ধ্ব ৩৫ বৎসর | টাকা ২১,৭০০/- | ২টি | ৩ বছর মেয়াদী ডিপ্লোমা মেডিকেল এসিস্ট্যান্ট অথবা সমমানের ডিগ্রী এবং বিএমডিসি এর রেজিস্ট্রেশন থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫. | অফিস সহায়ক/ এমএলএসএস | অনূর্ধ্ব ৩৫ বৎসর | টাকা ১৫,৫৫০/- | ২টি | এস.এস.সি পাশ। |

- প্রযোজ্য ক্ষেত্রে বিধি মতে অন্যান্য ভাতাদি প্রাপ্ত হইবেন।

**শর্তাবলী ঃ**

১. প্রার্থীকে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করিতে হইবে। ডিএসসিসি'র ওয়েবসাইট **(www.dscc.gov.bd)** এ আবেদন ফরম পাওয়া যাইবে।

২. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

৩. আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে ঃ

ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম-নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) আবেদনপত্রের সহিত সংযুক্ত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদসহ সকল সনদের ফটোকপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল অবশ্যই থাকিতে হইবে।

৪. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত আবেদনকারীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৫. আবেদনপত্র প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, (২য় তলা, কক্ষ নং-২২৩) ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করিতে হইবে এবং আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে।

৬. প্রার্থীর বয়স ০১.০৮.২০১৮খ্রি. তারিখে অনূর্ধ্ব ৩৫ বৎসর হইতে হইবে।

৭. আবেদনপত্র ২৭.০৮.২০১৮খ্রি. তারিখের মধ্যে পৌঁছাইতে হইবে।

৮. প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত বিষয়ে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৯. অসম্পূর্ন, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

১০. আবেদনপত্রের সাথে আবেদনকারীর ঠিকানা লিখিত ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০"× ৪.৫") পাঠাইতে হইবে।

১১. লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচি পত্র/ডিএসসিসি এর ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে। লিখিত পরীক্ষার ফলাফল যথাসময়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অফিসের নোটিশ বোর্ড/ডিএসসিসি'র ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১২. এই নিয়োগ সম্পূর্ন অস্থায়ী (৩১.১২.২০২০ সাল পর্যন্ত প্রকল্পের মেয়াদ)। প্রকল্পের মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে চাকুরীর অবসান হইবে। ভবিষ্যতে কোনক্রমেই রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকিবে না।

১৩. যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারসহ অন্যান্য সকল অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩১/৭/১৮

ব্রিঃ জেঃ (ডাঃ) শেখ সালাহ্উদ্দীন
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন